

৮ মাসে সাড়ে ৩ কোটির বেশি পর্যটকের তুরস্ক ভ্রমণ

- A Monitor Desk Report

Date: 25 September, 2024



আঙ্কারা : চলতি বছরের প্রথম আট মাসে (জানুয়ারি-আগস্ট) উল্লেখযোগ্য পরিমাণ বিদেশী পর্যটক পেয়েছে তুরস্ক। এ সময় ২০২৩ সালের একই সময়ের তুলনায় দেশটিতে আন্তর্জাতিক ভ্রমণার্থী বেড়েছে ৭.১ শতাংশ, যার পরিমাণ ৩ কোটি ৫৮ লাখ। তুরস্কের সংস্কৃতি ও পর্যটনবিষয়ক মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে।

জানুয়ারী-আগস্ট সময়ের মধ্যে বিদেশী পর্যটকের ক্ষেত্রে তুরস্কে নেতৃত্বের আসনে ছিল রুশ নাগরিকরা। এ সময় ৪৫ লাখ ৫০ হাজার রুশ দেশটি ভ্রমণ করে। এরপর রয়েছে জার্মানি ও যুক্তরাজ্য। দেশ দুটি থেকে যথাক্রমে ৪৩ লাখ ৮০ হাজার ও ৩১ লাখ দর্শনার্থী পেয়েছে তুরস্কের জনপ্রিয় গন্তব্যগুলো।

প্রতিবেদনে বলা হচ্ছে, সবচেয়ে বেশি পর্যটক ভ্রমণ করেছেন তুরস্কের বৃহত্তম শহর ও প্রধান পর্যটন আকর্ষণ ইস্তানবুল। মোট বিদেশী ভ্রমণকারীর ৩২.৩ শতাংশ ঘুরে দেখেছেন ঐতিহ্যবাহী শহরটি, যার পরিমাণ ১ কোটি ২২ লাখ ৭০ হাজার। এরপর রয়েছে ভূমধ্যসাগরীয় শহর আন্টালিয়া, এখানে এসেছেন ১ কোটি ১০ লাখ পর্যটক। তৃতীয় স্থানে রয়েছে বুলগেরিয়া ও গ্রিস সীমান্তের কাছে উত্তর-পশ্চিমাঞ্চলীয় শহর এডিরন। এখানে ভ্রমণ করেছেন ৩৩ লাখ ৬০ লাখ দর্শনার্থী।

উল্লেখিত, আট মাসের মধ্যে আগস্টে তুরস্কে ৬৮ লাখ ২০ হাজার পর্যটক এসেছেন, যা ২০২৩ সালের একই সময়ের তুলনায় ২ দশমিক ৪৭ শতাংশ বেশি।

কভিড-১৯ মহামারীর কারণে দুই বছর স্থবির থাকার পর সাম্প্রতিক বছরগুলোয় বৈশ্বিক পর্যটন পুনরুদ্ধারের দিকে এগিয়ে যাচ্ছে। এর মধ্যে মূল্যস্ফীতি ও ভূরাজনৈতিক সংকটসহ নানা চ্যালেঞ্জের মধ্যে জানুয়ারি-জুলাইয়ে প্রাক-মহামারী স্তরের প্রায় ৯৬ শতাংশ পুনরুদ্ধার হয়েছে। ধারণা করা হচ্ছে, বছরের শেষ নাগাদ তা পুরোপুরি পুনরুদ্ধারে পৌঁছতে পারে।

২০২৩ সালে তুরস্ক রেকর্ড ৪ কোটি ৯২ লাখ বিদেশী পর্যটক পেয়েছে। এর আগের বছর এ সংখ্যা ছিল ৪ কোটি ৪৫ লাখ।

